

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 21-12-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগনের অধিকার সুরক্ষায় আইনজীবিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।
- (২) রাষ্ট্রপতি দ্রোপদী মুর্ম (বিকশিত ভারত-জি রাম জি) বিল, ২০২৫-এ সম্মতি দিয়েছেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরীক্ষার চাপ মোকাবিলা ও মানসিক স্বাস্থ্য রক্ষার বিষয়ে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন।
- (৪) আজ রাজ্য জুড়ে পালস পোলিও টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত।
- (৫) অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ত্রিকেটের পঞ্চম ম্যাচে জয় পেলো ত্রিপুরা।

BJP Legal Cell – Chief Minister:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগনের অধিকার সুরক্ষায় আইনজীবিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। আজ আগরতলায় মুক্তধারায় বিজেপি লিগ্যাল সেলের কনক্লেভে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, আইনি পেশা শুধুমাত্র পেশা হিসেবে দেখলে হবে না। এটি একটি মিশন। রাজ্য প্রত্যেক মহকুমায় আদালত খোলা হচ্ছে। এরফলে বিচারের জন্য মানুষকে বাড়ি থেকে বেশি দূরে যেতে হবে না। দেশে ত্রিপিশ আইন বদল করে নতুন তিনটি ফোজদারি আইন চালু হয়েছে। এই আইন চালুর ক্ষেত্রে ত্রিপুরা দেশে সামনের

সারিতে রয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বিজেপি প্রদেশ সহ সভাপতি সুবল তোমিক, বিজেপি লিগ্যাল সেলের প্রভারি ডাঃ অশোক সিনহা, কনভেনার আইনজীবী বিশ্বজিৎ দেব প্রমুখ।

President:

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) (বিকশিত ভারত-জি রাম জি) বিল, ২০২৫-এ সম্মতি দিয়েছেন। এই আইনের প্রতি আর্থিক বছরে একশ পঁচিশ দিনের কর্মসংস্থানের একটি বিধিবদ্ধ গ্যারান্টি প্রদানের সংস্থান রাখা হয়েছে।

PM-Assam:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসামের ডিক্রগড় জেলার নামুনাপে ১০ হাজার ৬০১ কোটি টাকা মূল্যের একটি সার কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী মোদী বলেন, আসামের সারের চাহিদা পূরণের পাশাপাশি, এই কারখানা প্রতিবেশী রাজ্যগুলিতেও সেবা প্রদান করবে, সার আমদানির উপর নির্ভরতা কমাবে এবং ব্যাপক কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে।

Ex Agnibeers-BSF:

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় সীমান্ত নিরাপত্তা বাহিনী অর্থাৎ BSF-এ কনস্টেবল নিয়োগের ক্ষেত্রে প্রাক্তন অগ্নিবীরদের সংরক্ষন ১০ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করেছে। এক গেজেট বিজ্ঞপ্তি অনুসারে, প্রাক্তন অগ্নিবীরদের প্রথম ব্যাচ পাঁচ বছর পর্যন্ত বয়সের সর্বোচ্চ সীমা ছাড় পাবে, বাকি প্রাক্তন অগ্নিবীররা

তিন বছর ছাড় পাবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রাক্তন অগ্নিবীরদের শারীরিক মান এবং শারীরিক দক্ষতা পরীক্ষা থেকেও অব্যাহতি দেওয়া হবে। বিজ্ঞপ্তি অনুসারে, সীমান্ত নিরাপত্তা বাহিনী, জেনারেল ডিউটি ক্যাডার (নন -গেজেটেড) নিয়োগ বিধিমালা, ২০১৫ সংশোধন করে প্রাক্তন অগ্নিবীরদের জন্য সংরক্ষণের এই হার বৃদ্ধি করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, সরাসরি নিয়োগের মাধ্যমে (৫০ শতাংশ সহ), বার্ষিক শূন্যপদ পূরনে প্রতি নিয়োগের ক্ষেত্রে প্রাক্তন অগ্নিবীরদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে, প্রাক্তন সৈনিকদের জন্য দশ শতাংশ এবং কমব্যাটাইজড কনস্টেবল (ট্রেডসম্যান) এর জন্য সর্বোচ্চ তিন শতাংশ পর্যন্ত শূন্যপদ সংরক্ষিত থাকবে।

FM-Gramin Bank:

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, ত্রিপুরা গ্রামীণ ব্যাংক রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। আজ আগরতলার রবিন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ভাষণে তিনি বলেন, বর্তমানে রাজ্যে ব্যাংকগুলির মধ্যে প্রথম সারিতে দাঁড়িয়ে দেড়শটি শাখা নিয়ে ত্রিপুরা গ্রামীণ ব্যাংক গ্রাহকদের পরিষেবা প্রদান করছে। দ্বিতীয় স্থানে রয়েছেন স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া এবং তৃতীয় স্থানে পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক। রাজ্যের কৃষি ক্ষেত্রে থেকে শুরু করে মহিলাদের স্বনির্ভর করার ক্ষেত্রে ব্যাংকের বিরাট ভূমিকা রয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইজিপি (ইনটেলিজেন্স) কুক্ষেন্দু চক্রবর্তী, আর বি আই আগরতলা শাখার জিএম সুরেন্দ্র নিডা, নাবার্ডে ডিজে দিগন্ত দাস, গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং সহ অন্যান্য। অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

Fisheries Minister:

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ কৈলাশহরের ডলুগাঁও স্কুল মাঠে উনকোটি জেলাভিত্তিক মৎস্য উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বয়ন্ত্র করে তুলতে রাজ্য সরকার বহুখী পরিকল্পনা গুরুত্ব করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, চঙ্গীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল প্রমুখ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM-Pariksha Pe Charcha:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকালে গুয়াহাটির ব্রহ্মপুত্র নদে নৌঅ্রমণ করতে করতে আসামের নির্বাচিত ২৫ জন স্কুলপঢ়ুয়া শিক্ষার্থীর সঙ্গে 'পরীক্ষা পে চৰ্চা'

শীর্ষক অনুষ্ঠানের মাধ্যমে মতবিনিময় করেন প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের মানসিক স্বস্থতার গুরুত্ব তুলে ধরেন। তিনি প্রায় ৪৫ মিনিট এমভি চড়াইদেউ' জাহাজে অবস্থান করে শিক্ষার্থীদের সঙ্গে খোলামেলা কথা বলেছেন। আলোচনায় পরীক্ষার চাপ মোকাবিলা, মানসিক স্বাস্থ্য রক্ষা এবং পড়াশোনায় ভারসাম্যপূর্ণ দৃষ্টিভঙ্গি গ্রহণের ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী।

Pulse Polio:

জাতীয় টিকা করণ দিবস উপলক্ষে আজ সারা রাজ্যে পাঁচ বছর বয়স পর্যন্ত শিশুদের পালস পোলিও টিকার ডোজ খাওয়ানো হয়। স্বাস্থ্যসচিব কিরণ গিত্তে আজ সকালে আগরতলার মহারাণী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে এক অনুষ্ঠানে রাজ্যভূক্তিক পালস পোলিও টিকাকরণ কর্মসূচীর সূচনা করেন। উদ্বোধকের ভাষণে স্বাস্থ্য সচিব বলেন, এবছর রাজ্যে সাড়ে তিন লক্ষ শিশুকে পালস পোলিও টিকার ডোজ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব ডাঃ রাভেল হেমেন্দ্র কুমার, রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশনের ত্রিপুরা শাখার মিশন অধিকর্তা সাজু ওয়াহিদ, পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবশ্রী দেববর্মা।

Pulse Polio-Khowai:

আজ জাতীয় টিকাকরণ দিবসের খোয়াই জেলা ভিত্তিক অনুষ্ঠানটি হয় চেবরী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিক পদ্ম রাম জমাতিয়া প্রমুখ বিধায়ক শ্রী দাস চৌধুরী

জানান, খোয়াই জেলায় আজ পাঁচ বছর বয়স পর্যন্ত প্রায় ২৩ হাজার শিশুকে পালস পোলিও ডোজ খাওয়ানো হয়।

Pulse polio- South Tripura:

জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্দেয়ে দক্ষিণ জেলাভিত্তিক অনুষ্ঠানটির আয়োজন করা হয় মনুবাজার সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন রাজীবনগর আয়ুস্থান আরোগ্য মন্দিরে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জে.এম.দাস আকাশবাণীকে জানান, দক্ষিণ জেলায় ৩১ হাজার ৮২৩ জন শিশুকে পালস পোলিও ডোজ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

Pulse Polio- Sepahijala:

বিশ্বামগঞ্জের প্রমোদ নগর আয়ুস্থান আরোগ্য মন্দিরে সিপাহীজলা জেলা ভিত্তিক পালস পোলিও কর্মসূচির উদ্বোধন করেন জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। সিপাহীজলা জেলায় ৪৭ হাজার ৬৪৮ জন শিশুকে পালস পোলিওর ডোজ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

Tring Festival:

জনজাতি সংস্কৃতি, গ্রাহিত ও খাদ্যাভ্যাস'কে নতুন প্রজন্মের সামনে তুলে ধরতে তেলিয়ামুড়ার মানিকবাজারে গতকাল থেকে শুরু হয়েছে দুই দিনব্যাপী ত্রিং উৎসব ও জনজাতি ফুড ফেস্টিভ্যাল-২০২৫। উদ্বোধন করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। ফুড ফেস্টিভ্যালে অংশগ্রহণকারী স্ব-সহায়ক দলগুলি অর্গানিক ও গ্রাহিতবাহী খাবারের প্রদর্শন ও বিক্রয় করে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিপ্রিয় চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

GhostPairing Cyber:

‘ঘোষ্টপেয়ারিং’ নামে একটি সাইবার প্রচারের মাধ্যমে হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট হাক করা হচ্ছে বলে বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রক সতর্কতা জারী করেছে। মন্ত্রক জানিয়েছে যে, হাকাররা অথেন্টিকেশন ছাড়াই পেয়ারিং কোড ব্যবহার করে হোয়াটসঅ্যাপের ডিভাইস-লিঙ্কিং ফিচারটির অপব্যবহার করছে।

এজন্য মন্ত্রক নাগরিকদের সন্দেহজনক লিঙ্কে ক্লিক না করতে এবং বাইরের কোনো সাইটে তাদের ফোন নম্বর না দিতে অনুরোধ করেছে। হোয়াটসঅ্যাপে লিঙ্কড ডিভাইসের সেটিংস নিয়মিত পরীক্ষা করে এই ধরনের ফাঁদে পা না দেবার পরামর্শ দিয়েছে মন্ত্রক।

Manik Sarkar:

ত্রিপুরা চর্মশিল্পী সমিতির ১১তম রাজ্য সম্মেলন আজ আগরতলার ভানু স্মৃতি ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথির ভাষণে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন। তিনি অভিযোগ করেন নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের লাগামছাড়া মূল্যবৃদ্ধির ফলে জনসাধারনের দুর্ভেগ দেখা দিয়েছে। তিনি চর্মশিল্পের বর্তমান সমস্যা, সম্ভাবনা এবং ভবিষ্যৎ কর্মপন্থা নিয়েও আলোচনা করেন। বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক সুধন দাস।

Congress:

আয়োজন করা হয়। এই কর্মসূচিতে বিধায়ক সুদীপ রায় বর্মণ গ্রামীণ কর্মসংস্থানে কেন্দ্রীয় সরকারের ভূমিকার সমালোচনা করেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেসের সহ সভাপতি শান্তি রঞ্জন দেবনাথ, প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা, কংগ্রেস মুখ্যপাত্র প্রবীর চক্রবর্তী প্রমুখ।

Tipra Matha:

তিপ্রা মথা দলের সুপ্রিমো ও এডিসি সদস্য প্রদুয়োগ কিশোর দেববর্মণ আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, কক্ষবরক ভাষায় রোমান্স হরফ ব্যবহারের জন্য তিপ্রা মথা দলের পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে। তিনি বলেন, বর্তমানে এডিসি এলাকায় কক্ষবরক ভাষা রোমান হরফে নার্সারি থেকে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত ১,৬৩৩টি বিদ্যালয়ে পড়ানো হচ্ছে। আগামী শিক্ষা বর্ষ থেকে এডিসি এলাকায় তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত স্কুলগুলিতেও রোমান হরফে পড়াশোনা চালু করা হবে।

Under 19 Cricket:

অনুধৰ্ব ১৯ বছৱের মেয়েদের সীমিত ওভাৱের জাতীয় ক্ৰিকেটের পঞ্চম ম্যাচে জয় পেলো ত্ৰিপুৱা। নাগপুৱেৱে লেডি অমৃতবাহী দাগা কলেজ মাঠে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ২৪ রানে অৱণাচল প্ৰদেশকে হারিয়ে দেয়। আগামী ২৩ ডিসেম্বৰ প্ৰেট গ্ৰুপেৱ নিৰ্ণয়ক ম্যাচে মিজোৱামেৰ মুখোমুখি হবে রাজ্যদল।

Press club sports:

আগৱতলায় ক্ষুদ্ৰিম বস্তু ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে আজ আগৱতলা প্ৰেস ক্লাবেৱ বাৰ্ষিক ক্রীড়া প্ৰতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন কৱেন প্ৰেসক্লাবেৱ সভাপতি প্ৰণব সৱকাৱ।
